SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১১ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তানিয়া আক্তার,উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৪ এপ্রিল ২০২৫
সময় : বিকাল ৩.৩০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি,উপজেলা স্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীথি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি জানান, অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নে বিট পুলিশের ডিউটি অব্যাহত রয়েছে।<br>চেয়ারম্যান ০৭ নং, ০৮ নং ও ০৯ নং ইউনিয়ন পরিষদ জানান, কানাইঘাট থানা হতে গাছবাড়ী ও রাজাগঞ্জ দুরত্ব অনেক বেশি থাকার কারণে গাছবাড়ী বাজারে একটি পুলিশ ক্যাম্প স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | ০৭ নং, ০৮ নং ও ০৯ নং ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য গাছবাড়ী বাজার সংলগ্ন পুলিশ ক্যাম্প স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় প্রাথমিক শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ২০২৫ সালের বিনামূল্যে বিতরণের পাঠ্য পুস্তক চাহিদা অনুযায়ী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। এসএসসি পরীক্ষা-২০২৫ বর্তমানে চলমান রয়েছে এখনো পর্যন্ত কোন কেন্দ্রে কোন ধরণের অনিয়ম বা বিশৃঙ্খলা সৃষ্টি হয়নি এবং শিক্ষা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | এসএসসি পরীক্ষা-২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে সমাপ্ত করার লক্ষে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতাধীন প্রকল্পের কাজ প্রায় ৮০% সম্পন্ন করা হয়েছে বাকী কাজগুলো চলমান রয়েছে । | (ক)২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতাধীন সকল প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশ আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে ৯৭০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ সম্পন্ন হয়েছে।<br>তিনি আরোও জানান,অত্র উপজেলায় বোরো ধান কর্তন শুরু হয়েছে। ৮০% ধান পাকলেই দ্রুত কর্তনের জন্য সকলকে আহবান জানান। | কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় মৎস্য বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা মৎস্য কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, আসন্ন ঈদ-উল আযহা-২০২৫ উপলক্ষ্যে ছোট-বড় ৫২০ টি খামারে প্রায় ১১,৭৭৫ টি গরু, মহিষ ছাগল ও ভেড়া কোরবানীর জন্য প্রস্তুত রয়েছে। | প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,অত্র উপজেলায় টিআর,কাবিটা ও কাবিখার ১ম ও ২য় পর্যায়ের প্রায় শেষ পর্যায় এবং ৩য় পর্যায়ের কাজ দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | টিআর,কাবিটা ও কাবিখা ১ম,২য় ও ৩য় পর্যায়ের কাজ দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,২০২৫-২০২৬ ভিজিডি চক্রের উপকারভোগীদের আবেদন চলতি মাসের ০৬ এপ্রিল থেকে ২৬ এপ্রিল পর্যন্ত অনলাইনে আবেদনের দিন ধার্য ছিল কিন্তু সার্ভার জটিলতা সমস্যার কারণে শুরু করা যায়নি। সার্ভার জটিলতা সমস্যা সমাধান হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণদের জানানো হবে এবং মা ও শিশু কর্মসূচীর সহায়তার আওতায় এপ্রিল-২০২৫ মাসের আবেদন সার্ভার জটিলতার কারণে বন্ধ রয়েছে। সার্ভার চালু হলে পূর্ববর্তী মাসসহ আবেদন করা যাবে মর্মে সভাকে অবহিত করেন। | প্রকৃত উপকারভোগীর আবেদন ইউনিয়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান, কানাইঘাটে কর্মরত আনসার সদস্যগনের বাৎসরিক ফায়ারিং অনুষ্ঠিত হয়েছে। এয়াড়াও ০১ জন সদস্য সতেজকরণ প্রশিক্ষণ আনসার একাডেমিতে রয়েছে। "ক্যাটারিং সার্ভিসে" একজন ভিডিপি সদস্য জেলা আনসার ভিডিপি কার্যালয়ে প্রশিক্ষণে রয়েছে বলে | উপজেলা আনসার ভিডিপি কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাকে অবহিত করেন। | | |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান,২০২৩-২০২৪ অর্থ বছরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং নিয়মিত সমবায় সমিতি পরিদর্শনের মাধ্যমে সমবায় সমিতি সমূহকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার প্রচেষ্টায় অব্যাহত রয়েছে। | নিয়মিত সমবায় সমিতির পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন (রাজস্ব) প্রশিক্ষণ ব্লক ও বাটিক,প্রিন্টিং ও নকশি কাঁথা তৈরী প্রশিক্ষণ চলমান এবং বায়োগ্যাস প্রকল্পের প্রশিক্ষণ ০২(দুই) ব্যাচ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, উপজেলা বন বিভাগের আওতায় মুলাগুল ফরেস্ট ক্যাম্পে ০১(এক)টি রিং টিউবওয়েল এর কাজ শুরু হয়েছে। এটি বন বিভাগের উন্নয়নমূলক কাজ বলে সভাকে অবহিত করেন। | বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৯(নয়)টি ইউনিয়নে টুইনপিট ল্যাট্রিনের কাজ চলমান রয়েছে। | মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৯(নয়)টি ইউনিয়নে টুইনপিট ল্যাট্রিনের কাজ তদারকি ও সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণদেরকে অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/ সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১৯ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বোরো সংগ্রহ ২০২৫ মৌসুমে ধানের লক্ষ্যমাত্রা ৩৯৮ মে.টন এবং চালের লক্ষ্যমাত্রা ২৫১৭ মে.টন। ধানের সংগ্রহ মূল্যে ৩৬ টাকা এবং চালের সংগ্রহমূল্যে ৪৯ টাকা প্রতি কেজি। এবছর কৃষক এ্যাপের মাধ্যমে এবং উপজেলা কৃষি অফিস কর্তৃক প্রদত্ত তালিকা আগে আসলে আগে বিডি করতে পারবেন এই ভিত্তিতে সংগ্রহ করা হবে। ২৪ এপ্রিল হতে ৩১ আগস্ট পর্যন্ত সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে বরে সভাকে অবহিত করেন। | ২০২৫ মৌসুমে বোরো ধান ও চাল লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান, পল্লী সঞ্চয় ব্যাংক,কানাইঘাট শাখা হতে চলতি মাসে ঋণ আদায় হয়েছে ৪০.৯০(চল্লিশ লক্ষ নব্বই হাজার)টাকা, সঞ্চয় আদায় হয়েছে ২.৩০(দুই লক্ষ ত্রিশ হাজার)টাকা,ঋণ বিতরন হয়েছে ৩৫.৭০ (পঁয়ত্রিশ লক্ষ সত্তর হাজার)টাকা চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | পল্লী সঞ্চয় ব্যাংক,কানাইঘাট শাখা কর্তৃক চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ আদায় সঞ্চয় আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান,এখন বর্ষা মৌসুম চলছে। প্রায় সময়ই ঝড়,বৃষ্টি তুফান ও প্রচন্ড বজ্রপাত হচ্ছে। এত করে বৈদ্যুতিক লাইনে ক্ষতি সাধন হচ্ছে। ফলে ঘন ঘন বিদ্যুৎ বিভ্রাট ঘটছে। এই ঝড় বৃষ্টির মধ্যে ও আমাদের কারিগরী লোকজন অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের আপ্রান চেষ্টা করে যাচ্ছে। অত্র উপজেলার সকল এলাকায় ট্রান্সফরমার চুরি বন্ধ করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন।<br><br>তিনি আরোও জানান যে, অত্র উপজেলার সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | ক) অত্র উপজেলার সকল এলাকায় ট্রান্সফরমার চুরি বন্ধ করার লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হলো।<br>খ) অত্র উপজেলার সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ২২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীথি চলমান রয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৩ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা জানান, তথ্য আপা প্রকল্পের বিভাগীয় কার্যক্রম যথারীথি চলমান রয়েছে। | তথ্য আপা প্রকল্পের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড সিলেট সভায় উপস্থিত না থাকার কারণে পানি উন্নয়ন বোর্ড এর কোন অগ্রগতি জানা যায়নি। | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড সিলেটকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পানি উন্নয়ন বোর্ড সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন বা তাঁর কোন প্রতিনিধি না থাকায় ইসলামী ফাউন্ডেশন বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন,কানাইঘাট কে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল।সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এয়াড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৪৯ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা টি এবং ০৭ টি মামলা অনিষ্পত্তি ৪২ টি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইফপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানগণদের অনুরোধ | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গন্থহণ করতে হবে।<br><br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। | | |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গথহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) | উপজেলা ইউডিএফ(জাইকা)জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় উপজেলা ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই পূর্বক আগামী প্রকল্প বরাদ্দ দেয়া হবে। এ লক্ষ্যে উপজেলার ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই ও প্রকল্প বরাদ্দের লক্ষ্যে ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ কানাইঘাট,সিলেট |
| ৩০ | অবৈধ স্থাপনা উচ্ছেদ | চেয়ারম্যান,০৫ নং ইউ/পি জানান,বড়চতুল ইউনিয়নের অর্ন্তগত চতুল বাজারের ভিতরের গলিগুলোতে রাস্তারপার্শ্বে অবৈধ ভাবে দোকানপাঠ বসে যানজট সৃষ্টি করে থাকে এবং সরকারী জায়গার উপরে অবৈধভাবে জায়গা দখল করে দোকানঘর তৈরী করে করা হয়েছে । যানজন নিরসনের জন্য জরুরী ভিত্তিতে অবৈভাবে দোকানঘর গুলো উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | ০৫ নং বড়চতুল ইউনিয়নের অর্ন্তগত চতুল বাজারের ভিতরে রাস্তারপার্শ্বের গলিগুলোতে অবৈধ ভাবে দোকানপাঠ ও সরকারী জায়গার উপরে অবৈধভাবে জায়গা দখল করে দোকানঘর উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) কানাইঘাট,সিলেট |
| ৩১ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে(ক) উপজেলা পরিষদের প্রশাসক মহোদয়ের সম্মানী;(খ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (গ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ টাকা ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



CamScanner

২৪/০৪/

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
১১ বৈশাখ ১৪৩১

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২. ২৬(৩৫) তারিখ: ২৪ এপ্রিল ২০২৫

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান --------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব -------------------------------------- কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৪/০৪/২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব জনাব মো: তমিজ উদ্দিন | চেয়ারম্যান, ০১ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আবু বক্কর | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ডা: এরফানুল হক | প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব বিশ্বজিৎ রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: জসীম উদ্দিন | প্রতিনিধি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: আবু সাইম(ওসি তদন্ত) | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রতিনিধি উপজেলা প্রকৌশলীর,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব সাখাওয়াৎ হোসেন | প্রতিনিধি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব তাপস চক্রবর্তী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোহাম্মদ জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মেহেদি হাসান | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব সিরাজুল ইসলাম ভুইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব উজ্জ্বল ভট্রচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মো: হিরণ মিয়া | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব প্রকৌশলী মাসুদুর রহমান | উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মো: হুমায়ুন কবির | প্রতিনিধি উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: নজরুল ইসলাম | উপজেলা কো-অডিনেটর,গ্রাম আদালত প্রকল্প,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ০৭ | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন,কানাইঘাট,সিলেট |

CamScanner